চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম।

প্রেস বিজ্ঞপ্তি

কদম মোবারক সিটি কর্পোরেশন বিদ্যালয়ে কালেকশন বুথ উদ্বোধন

শিক্ষার্থীরা লাইন ধরে টিউশন ফি জমার ভোগান্তি থেকে মুক্তি পাবে-মেয়র

চট্টগ্রাম- ৭ অক্টোবর ২০১৮

কদম মোবারক সিটি কর্পোরেশন উচ্চ বিদ্যালয় প্রাঙ্গনে প্রিমিয়ার ব্যাংক কর্তৃক টিউশন ফি কালেকশন বুথ উদ্বোধন করলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন। তিনি আজ রবিবার সকালে ফিতা কেটে এই কালেকশন বুথের আনুষ্ঠানিক উদ্বোধন করেন। অনুষ্ঠানে প্রিমিয়ার ব্যাংকের অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ আব্দুল জব্বার চৌধুরী, চসিক স্বাগতিক কাউন্সিলর জহর লাল হাজারী, শৈবাল দাশ সুমন, প্রধান নির্বাহী কর্মকর্তা মো. সামসুদ্দোহা, স্কুলের প্রধান শিক্ষক মোখলেসুর রহমান বক্তব্য রাখেন। অনুষ্ঠানে চসিক সচিব মোহাম্মদ আবুল হোসেন, প্রিমিয়ার ব্যাংকের হেড অব রিটেইল মো. শামীম মোরশেদসহ প্রিমিয়ার ব্যাংকের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠান পরিচালনায় ছিলেন প্রিমিয়ার ব্যাংকের আঞ্চলিক প্রধান মো. জয়নুল আবেদনী।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মেয়র বলেন শিক্ষা ব্যবস্থাসহ প্রতিটি সেক্টরকে ডিজিটালাইজ করতে মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা'র সকরার নিরসলভাবে কাজ করছে। তারই ধারাবাহিকতায় চট্টগ্রাম সিটি কর্পোরেশন প্রিমিয়ার ব্যাংকের সহায়তায় চসিক পরিচালিত সকল শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের ব্যাংকিং সেবার আওতায় আনার লক্ষ্যে এই উদ্যোগ। ব্যাংকিং সেবার মাধ্যমে শিক্ষার্থীরা লাইন ধরে টাকা জমা দেয়ার ভোগান্তি এবং ক্লাস চলাকালীন ফি সংগ্রহের ঝক্কি-ঝামেলা হতে মুক্তি পাবে। তাই যেকোনো প্রিমিয়ার ব্যাংককে বিনামূল্যে একাউন্ট খোলার মাধ্যমে দেশের সকল প্রিমিয়ার ব্যাংক শাখা হতে অন-লাইনে টিউশন ফি জমা দিতে পারবে। এ প্রসঙ্গে মেয়র বলেন জনগণের হয়রানী লাঘবে ও সরকারি সেবা সহজীকরণের লক্ষ্যে সরকার তথ্য প্রযুক্তির ব্যবহার সর্বত্র ছড়িয়ে দিচ্ছে। এ প্রজন্মের সন্তানেরা ডিজিটালাইজশনের যুগে মেধা ও দক্ষতাকে কাজে লাগাতে পারলে উন্নত বাংলাদেশ গড়া সম্ভব হবে। ডিজিটাল প্রযুক্তি শতভাগ বাস্তবায়নের মাধ্যমে আমরা ঘরে বসে সকল ধরনের সরকারি সেবা দ্রুত সময়ের মধ্যে ভোগ করতে পারব। তাই মানুষ যাতে কম খরচে সরকারি সেবা ভোগ করতে পারে সেই লক্ষ্যে সরকার নিরলস ভাবে কাজ করে যাচ্ছে বলে তিনি উল্লেখ করেন। বিশেষ অতিথির বক্তব্যে প্রিমিয়ার ব্যাংকের অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ আবদুল জব্বার চৌধুরী বলেন, চসিক পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের ডিজিটাল মাধ্যমে অভ্যস্থ ও বিনামূল্যে ব্যাংকিং সেবার আওতায় আনার জন্য চসিক ও প্রিমিয়ার ব্যাংকের মধ্যে চুক্তিবদ্ধ হয়। তারই ধারাবহিক এটি ২য় কালেকশন বুথ স্থাপন। গেল সপ্তাহে কাপাসগোলা সিটি কর্পোরেশন বলিকা স্কুল এন্ড কলেজে কালেকশন বুথ স্থাপন করা হয়। পর্যায়ক্রমে চসিকের অবশিষ্ঠ স্কুল কলেজ,কিন্ডারগার্টেন ও প্রাথমিক বিদ্যালয়ে কালেকশন বুথ স্থাপন করা হবে। যাতে শিক্ষার্থীও অভিভাবক মহল খুব সহজে টিউশন ফি জমা দিতে পারে। এই প্রসঙ্গে তিনি বলেন প্রিমিয়ার ব্যাংক শুধুমাত্র কালেকশন বুথ স্থাপন করবে তা নয় এই ব্যাংকের উদ্যোগে প্রতি বছর ৫টি শিক্ষা প্রতিষ্ঠানে ফাষ্ট ট্রাক সহ মাল্টিমিডিয়া ক্লাসরুম স্থাপন সহ একশত জন মেধাবী শিক্ষার্থীকে শিক্ষা বৃত্তি প্রদান এবং বিদ্যালয়ের ছাদে ছাদ বাগান করবে বলে তিনি উল্লেখ করেন।

প্রেস বিজ্ঞপ্তি

হযরত হাফেজ মুনির উদ্দিন নুরুল্লাহ(রহ.) এর নামে বে-টার্মিনালের নামকরণে সিটি মেয়রের কাছে স্মারক লিপি প্রদান

চট্টগ্রাম- ৭ অক্টোবর ২০১৮

চট্টগ্রামের হালিশহরে নির্মাণ কাজ শুরু হওয়া বে-টার্মিনালটি হযরত হাফেজ ছৈয়দ মুহাম্মদ মুনির উদ্দিন নুরুল্লাহ্ (রহঃ) নামে নামকরণের দাবী জানিয়েছেন হুজুরের ভক্ত মুরিদান ও আশেকানগণ।

এ দাবী বাস্তবায়নে আজ রবিবার বিকালে চসিক মেয়র দপ্তরে সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীনের কাছে হুজুরের দুই হাজার ভক্ত,মুরিদান স্বাক্ষরিত একটি স্মারকলিপি প্রদান করা হয়েছে। এ ব্যাপারে মাননীয় প্রধানমন্ত্রীর কাছে মেয়রের পক্ষ থেকে সর্বাত্মক প্রচেষ্টা ও সহযোগিতার আশাবাদ ব্যক্ত করেছেন হুজুরের ভক্ত মুরিদানগণ। স্মারকলিপিতে উল্লেখ করা হয়, বন্দর থানাধীন ৩৭নং হালিশহর মুনির নগর ওয়ার্ডে উপ-মহাদেশের প্রখ্যাত অলিয়ে কামেল “হালিশহর দরবার শরীফের” প্রতিষ্ঠাতা খাজায়ে বাংলা, পীরে মোকাম্মেল, সোল্‌তানুল আউলিয়া, কুতুবুল এরশাদ হযরত হাফেজ ছৈয়দ মুহাম্মদ মুনির উদ্দিন নুরুল্লাহ্ (রহঃ) প্রকাশ হযরত হাফেজ ছাহেব হুজুর (রহঃ) শায়িত আছেন। এই ছিল্‌ছিলার লক্ষ লক্ষ মুরিদান, ভক্ত ও আশেকান সারা পৃথিবীতে ছড়িয়ে ছিটিয়ে আছেন। মহান মুক্তিযুদ্ধের সময় ধর্মের দোহাই দিয়ে যখন অনেক দরবার শরীফ, পীর-মাশায়েখ স্বাধীনতার বিরোধীতা করেছিলেন এবং নিশ্চুপ ছিলেন তখন “হালিশহর দরবার শরীফের” হযরত কাজী ছাহেব হুজুর (রহঃ) স্বাধীনতার পক্ষে জনমত গঠনে প্রকাশ্যে গুরুত্বপূর্ণ ও সাহসী ভূমিকা রেখেছিলেন। পাঞ্জাবীদের ক্যাম্প ছিল “হালিশহর দরবার শরীফের” ৩০০/৪০০ গজের মধ্যে। পাকিস্তান হানাদার বাহিনীর যুদ্ধ জাহাজ ‘বাবর’ এর গোলার আঘাতে “হালিশহর দরবার শরীফ” এর বাড়ী ঘর সহ এলাকার জানমালের ব্যাপক ক্ষতি হয়েছিল। কাট্টলীর পুরাতন খামার ও ডাঙ্গারচরে হযরত কাজী ছাহেব হুজুর (রহঃ)’র খামার বাড়ী ছিল মুক্তিযোদ্ধাদের আশ্রয়কেন্দ্র। এ আশ্রয় কেন্দ্র ছিল সংখ্যালঘু সম্প্রদায়সহ অসহায় মানুষের আশ্রয়স্থল। ৭০ এর নির্বাচনে আনন্দবাজার ভোট কেন্দ্রে মরহুম এম. এ. আজিজকে নৌকা প্রতীকে প্রথম ভোট দিয়েছিলেন হযরত কাজী ছাহেব হুজুর (রহঃ)। এই দরবারের প্রজন্মগণ ধারাবাহিকভাবে মুক্তিযুদ্ধের চেতনা বুকে ধারণ করে অবস্থান অক্ষুন্ন রেখেছে। তবে কখনও এটাকে পুঁজি করে লাভবান হওয়ার চেষ্টা করা হয়নি বলে স্মারকলিপিতে উল্লেখ করেন।

বঙ্গবন্ধু ও মহান মুক্তিযুদ্ধকে ঘিরে “হালিশহর দরবার শরীফের” হুজুরের উছিলায় বেশ কিছু অলৌকিক ঘটনা বা কেরামত সংঘটিত হয়েছিলো যার কয়েকটি হযরত মালেক শাহ্ হুজুর (রহঃ) মজ্জুব হালতে প্রকাশ করেছিলেন।

হযরত হাফেজ ছাহেব হুজুর (রহঃ) এর জীবদ্দশায় ১৯৪৮ থেকে ১৯৫৩ সালের মধ্যে কোন একসময়ে তৎকালীন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান “হালিশহর দরবার শরীফে” এসেছিলেন। তখন বঙ্গবন্ধুকে উদ্দেশ্য করে হযরত হাফেজ ছাহেব হুজুর (রহঃ) বলেছিলেন, “ও-বা শেখ মুজিব, তুঁই সাবধানে থাইক্যো, তুঁয়ারে দিয়েনে এই দেশের বড়ো উপকার অইবো। ১৯৯১ সালের ২০মে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা “হালিশহর দরবার শরীফে” জেয়ারত করেন।

চট্টগ্রামে নির্মাণ কাজ শুরু হওয়া বে-টার্মিনালটি হযরত হাফেজ ছৈয়দ মুহাম্মদ মুনির উদ্দিন নুরুল্লাহ (রহঃ) ’র নামানুসারে করার জন্য বাংলদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর শেখ হাসিনার কাছে মেয়রের পক্ষ থেকে সহযোগিতা প্রত্যাশা করেন হুজুরের ভক্ত মুরিদান ও আশেকানগণ।

স্মারকলিপি প্রদানের স্বপক্ষে যুক্তি উপস্থাপন করে সিটি মেয়র বলেন, হযরত হাফেজ ছাহেব হুজুরের অসংখ্য মুরিদান,আশেকানগণ ইসলামের পবিত্র দ্বীনি দাওয়াত এবং সুফিবাদ প্রচার করে মানব জাতিকে কল্যাণ ও মুক্তির পথ দেখিয়ে গেছেন। এসব খলিফাদের মধ্যে হালিশহর দরবার শরীফের কুতুবুল আক্তাব, পীরে মোকাম্মেল, শামশুল ওলামা হযরত মৌলানা কাজী ছৈয়দ মুহাম্মদ ছেরাজুল মোস্তাফা (রহঃ) প্রকাশ হযরত কাজী ছাহেব হুজুর (রহঃ), কুতুবদিয়ার “কুতুব শরীফ দরবার” এর প্রতিষ্ঠাতা হযরত মৌলানা আব্দুল মালেক শাহ (রহঃ) প্রকাশ হযরত মালেক শাহ হুজুর (রহঃ), রাউজানের “কাগতিয়া দরবার শরীফের” প্রতিষ্ঠাতা হযরত শায়খ মৌলানা তফাজ্জল আহম্মদ মুনিরী (রহঃ), আ’মলে নাজাতের লিখক হযরত মাষ্টার মোজাম্মেল শাহ্ (রহঃ), ফটিকছড়ির হযরত মৌলানা মীর আহম্মদ মুনিরী (রহঃ) প্রকাশ হযরত বড় মৌলানা হুজুর (রহঃ), লক্ষ্যাচরের হযরত মৌলানা আলতাফুর রহমান মুনিরী (রহঃ), আনোয়ারার শাহ্ ছুফী হযরত মৌলানা আহম্মদ হাছান (রহঃ) প্রকাশ বড় হুজুর (রহঃ) ও বায়তুশ শরফের প্রতিষ্ঠাতা হযরত মৌলানা আকতার শাহ্ (রহঃ) উল্লেখযোগ্য।

তিনি আরো বলেন, দেশের বৃহত স্থাপনা সমূহ যেমন ঢাকা আন্তর্জাতিক বিমানবন্দর হযরত শাহ জালাল (রা.)'র নামে নামকরণ করা হয়েছে। চট্টগ্রাম আন্তর্জাতিক বিমানবন্দর হযরত শাহ আমানত (রা.)'র নামে নামকরণ করা হয়েছে। ভৌগলিকগত ভাবে চট্টগ্রামের বে-টার্মিনালটি হযরত হাফেজ ছাহেব হুজুরের রওজা শরীফ হালিশহর এলাকায় নির্মাণ করা হচ্ছে। এই প্রেক্ষিতে অসংখ্য আশেকান, মুরিদানের হুজুরে পাক পীরে মোকাম্মেল, সোল্‌তানুল আউলিয়া, কুতুবুল এরশাদ হযরত হাফেজ ছৈয়দ মুহাম্মদ মুনির উদ্দিন নুরুল্লাহ্‌ (রহঃ) নামানুসারে বে-টার্মিনালের নামকরণ যৌক্তিক দাবী রাখে বলে তিনি উল্লেখ করেন। স্মারকলিপি প্রদানের সময় উপস্থিত ছিলেন- এ এইচ এ মুনির উদ্দিন,সৈয়দ মো. আফতাব উদ্দিন মুনিরী,সৈয়দ মো. এনামুল হক মুনিরী,সৈয়দ মো. মিনহাজুল হক মুনিরী,সৈয়দ মো. আরমানুল হক মুনিরী,মো. এনামুল হক মুনিরী ও মো.হারুণ অর রশিদ চৌধুরী প্রমুখ।

চসিকের অমর একুশে বই মেলা-২০১৯ উপলক্ষে মতবিনিময় সভা

লেখক-প্রকাশকের অংশগ্রহণে জমজমাট মেলা আয়োজনের পরিকল্পনা

<u>চট্টগ্রাম- ৭ অক্টোবর ২০১৮</u>

চট্টগ্রাম সিটি কর্পোরেশন আয়োজিত অমর একুশে বই মেলা-২০১৯ উপলক্ষে আজ রবিবার বিকালে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নগর ভবনস্থ ৩য় তলায় সম্মেলন কক্ষে এক মতবিনিময় সভার আয়োজন করা হয়। সভায় সভাপতিত্ব করেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নারিল উদ্দীন। সভায় আসন্ন একুশে বই মেলাতে সর্বাত্মকভাবে সফল করার লক্ষ্যে ঢাকা সহ দেশের প্রতিষ্ঠিত সত্যিকারের প্রকাকশকদের আমন্ত্রণ জানানোর পাশাপাশি বইয়ের ষ্টলগুলোকে দৃষ্টিনন্দন করে সাজ সজ্জার পরিকল্পনা নেয়া হয়েছে। যাতে করে বই প্রেমী পাঠকরা মেলায় এসে বই কিনতে আগ্রহী হয়। কেন্দ্রীয় শহীদ মিনারস্থ মুসলিম হল ও থিয়েটার ষ্টুডিও'র সরকারের সংস্কৃতি মন্ত্রণালয়ে সংস্কার কাজ করার পরিকল্পনা রয়েছে। সে কারণে মুসলিম হল চত্বরে মেলা করা না গেলে সভার সভাপতি নগরীর আউটার স্টেডিয়ামে মেলা করার প্রস্তাব করলে সভায় উপস্থিত সকলে তাতে একমত পোষন করেন। এ মতবিনিময় অনুষ্ঠানে কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের সাবেক উপচার্য প্রফেসর ড.মহিতুল আলম, বীর চট্টগ্রাম মঞ্চের সম্পাদক উমর ফারুক,সাউর্দান বিশ্ববিদ্যালয়ের উপ উপচার্য প্রকৌশলী আলী আশরাফ, আনোয়ারা বেগম,সৃজনশীল প্রকাশক সমিতির মহিউদ্দিন শাহ আলম নিপু, জামাল উদ্দিন,ছড়াকার ও শিশু সাহিত্যিক রাশেদ রউফ, কবি ও সাংবাদিক ওমর কায়সার, বিশ্বজিত চৌধুরী,কামরুল হাসান বাদল, সুভাষ দে, কলামিস্ট সাখাওয়াত হেসেন মজনু, চ্যানেল আই এর ব্যুরো প্রধান চৌধুরী ফরিদ এবং চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মো. সামসুদ্দোহা, সচিব মোহাম্মদ আবুল হোসেন,প্রমুখ উপস্থিত ছিলেন। সভায় সৃজনশীল প্রকাশক সমিতির মহিউদ্দিন শাহ আলম নিপু বিগত বছরগুলো চসিক আয়োজিত বই মেলার বিভিন্ন দিক সহ একটি সফল বই মেলার রূপরেখা উপস্থাপন করেন। এরই ভিত্তিতে উপস্থিত সকলে তাদের মতামত ব্যক্ত করেন। সভায় প্রফেসর ড.মহিতুল আলম মেলার সম্ভাব্য তারিখ হিসেবে ১০ ফেব্রুয়ারি থেকে ২৮ ফেব্রুয়ারি নির্ধারণের প্রস্তাব করলে উপস্থিত সকলে তাতে একমত পোষন করেন। তিনি আসন্ন জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে মেলাকালীন পরিবেশ পরিস্থিতর বিষয়, মেলার আলোচনা সভায় দেশ ও দেশের বাইরের প্রথিতযশা লেখক ও কবি সহিত্যিক, বুদ্ধিজীবীদের আমন্ত্রণ জানানো যায় কিনা তা আয়োজকদের সক্রিয় বিবেচনায় রাখা ও ভেবে দেখতে বলেন। কবি ও ছড়াকার রাশেদ রউফ মেলাকে সার্বিকভাবে সফল করতে একটি নীতিমালা তৈরী,বিভিন্ন কমিটি ও উপ কমিটি গঠনের প্রস্তাব করেন। মেলায় উপস্থিত সকল আলোচক এবারের মেলায় গতানুগতিকতার বাইরে গিয়ে ঢাকার অমর একুশে বই মেলার আঙ্গিকে বই এর ষ্টলগুলোকে সাজ সজ্জার দিকে যাতে নান্দনিকতা ছোয়া থাকে সেই উদ্যোগ গ্রহণ করা হয়েছে। সভাপতির মেয়র উপস্থিত বিশিষ্টজনদের চট্টগ্রাম সিটি কর্পোরেশনের পক্ষ থেকে মেলা আয়োজনে সব ধরনের সহযোগিতার কথা

জানান। তিনি বলেন আসন্ন বই মেলাকে সফল করতে মেলার মূল আয়োজক লেখক,প্রকাশক ও বুদ্ধিজীবীদের যে কোন পরিকল্পনার সাথে চট্টগ্রাম সিটি কর্পোরেশন পাশে থাকবে।

চট্টগ্রাম জেলা ট্রাক, কাভার্ড ভ্যান এন্ড মিনি ট্রাক মালিক গ্রুপের সেমিনার অনুষ্ঠিত

চট্টগ্রাম- ৭ অক্টোবর ২০১৮

গতকাল শনিবার রাতে শাহ আমানত ব্রিজ সংলগ্ন রাজবাড়ী কনভেনশন সেন্টারে চট্টগ্রাম জেলা ট্রাক, কাভার্ড ভ্যান এন্ড মিনি ট্রাক মালিক গ্রুপ কর্তৃক আয়োজিত যানজট নিরসন ও ক্লিন ও গ্রিন সিটি বাস্তবায়ন শীর্ষক সেমিনারে প্রধান অতিথি চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন, চট্টগ্রামকে আমি একটি আধুনিক নগরী হিসেবে গড়ে তোলার জন্য ক্লিন ও গ্রিন সিটি কর্মসূচি দিয়ে বিভিন্ন কার্যক্রম চালিয়ে যাচ্ছি। চট্টগ্রাম শহরকে পরিকল্পিত ভাবে সুন্দর নগরী হিসেবে গড়ে তোলার জন্য সর্বস্তরের নগরবাসীর প্রতি আহ্বান জানান মেয়র। তিনি চট্টগ্রাম জেলা ট্রাক, কাভার্ড ভ্যান এন্ড মিনি ট্রাক মালিক গ্রুপের বাকলিয়া, কোতোয়ালী শাখা এ ধরনের যুগোপযোগী উদ্যোগ গ্রহণ করায় সংগঠনের সকলকে অভিনন্দন জানান এবং উক্ত সংগঠনের যেকোন কর্মকাণ্ডে সার্বিক সহযোগিতার আশ্বাস প্রদান করেন।

ট্রাক, কাভার্ড ভ্যান এন্ড মিনি ট্রাক মালিক গ্রুপের বাকলিয়া কোতোয়ালী শাখার সভাপতি মো. ফরিদ আহমদের সভাপতিত্বে অনুষ্ঠিত সেমিনারে যুগ্ম সাধারণ সম্পাদক এমদাদুল হক ও পান্না তালুকদারের সঞ্চালনায় সেমিনারে প্রধান বক্তা ছিলেন উপ পুলিশ কমিশনার হারুন উর রশিদ হাজারী। সভায় বিশেষ অতিথি ছিলেন সওজ চট্টগ্রামের নির্বাহী প্রকৌশলী জুলফিকার আহম্মদ, মাদক দ্রব্য নিয়ন্ত্রন অধিদপ্তর চট্টগ্রাম বিভাগের অতিরিক্ত পরিচালক মুজিবুর রহমান পাটোয়ারী, চসিক কাউন্সিলর হাসান মুরাদ বিপ্লব, চাক্তাই শিল্প ও বণিক সমিতির সভাপতি এস এম হারুন উর রশিদ, ৩৫নং বকশিরহাট ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি নুরুল আমিন শান্তি, সাধারণ সম্পাদক ফয়জুল্লাহ চৌধুরী বাহাদুর, চট্টগ্রাম কারা পরিদর্শক ও আওমীলীগ নেতা আবদুল মান্নান, পণ্য পরিবহন মালিক ফেডারেশনের সভাপতি আলহাজ্ব আবদুল মান্নান, কার্যকরি সভাপতি আলহাজ্ব মুনির আহম্মদ, কার্যনির্বাহী সভাপতি আবু বক্কর সিদ্দিকী, শ্রমিক ফেডারেশনের সভাপতি আবদুল নবী লেদু, ফেডারেশনের মহাসচিব মো. নুরুল আবছার, মহানগর যুবলীগের সদস্য ও বকশিরহাট ওয়ার্ড আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক লিটন রায় চৌধুরী ও সাবেক ছাত্রলীগ নেতা এস এম মামুনুর রশিদ প্রমুখ। সেমিনারে আলোচকবৃন্দ ছিলেন ড. মাসুম চৌধুরী, লেখক ও সাংবাদিক সওকত বাঙালি। সভায় আরো উপস্থিত ছিলেন মালিক গ্রুপের সিনিয়র সহ-সভাপতি মো. ইউসুফ সরওয়ার, পণ্য পরিবহন মালিক ফেডারেশনের অতিরিক্ত মহাসচিব আলহাজ্ব আজিজুল হক, সাংগঠনিক সম্পাদক সৈয়দ নুরুল নবী লিটন, জসিম উদ্দিন ভূইয়া, মাষ্টার আবুল কাশেম, উপ কমিটির আবদুচ ছত্তার, সাধারণ সম্পাদক নজরুল ইসলাম দুলাল, এনামুল হক, নারায়ন চৌধুরী, মো. ইব্রাহিম, জিলানী সোহেল, বেলাল হোসেন।

পিএইচডি লাভ করায় নিছার উদ্দিন আহমেদ মঞ্জুকে সিটি মেয়রের অভিনন্দন

চট্টগ্রাম- ৭ অক্টোবর ২০১৮

মালয়েশিয়ার কুয়ালালামপুর বিশ্ববিদ্যালয় থেকে পিএইচডি ডিগ্রী লাভ করায় প্যানেল মেয়র ও কাউন্সিলর নিছার উদ্দিন আহমেদ মঞ্জুকে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন ফুলেল শুভেচ্ছা ও অভিনন্দন জানান। আজ রবিবার সকালে নগর ভবনস্থ মেয়র দপ্তরে প্যানেল মেয়র ও কাউন্সিলর নিছার উদ্দিন আহমেদ মঞ্জু মেয়রের সাথে দেখা করতে আসলে মেয়র তাঁর গবেষনা পত্র ‘কোয়ালিটি ম্যানেজমেন্ট ইন আর্বান লোকাল গভর্নমেন্ট ইন বাংলাদেশ’- এ স্টাডি অব চিটাগাং সিটি কর্পোরেশন এর উপর যে

পিএইচডি ডিগ্রী অর্জন করেন। তাঁর এই গবেষনালব্ধ জ্ঞান চট্টগ্রামসহ বাংলাদেশের উন্নয়নে অবদান রাখবে বলে মেয়র আশাবাদ ব্যক্ত করেন এবং তাঁর উজ্জ্বল ভবিষ্যৎ ও দীর্ঘায়ু কামনা করেন।

সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীনের নিকট বৃহত্তর চট্টগ্রাম পণ্য পরিবহন মালিক ফেডারেশনের স্মারকলিপি প্রদান

চট্টগ্রাম- ৭ অক্টোবর ২০১৮

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীনের নিকট বৃহত্তর চট্টগ্রাম পণ্য পরিবহন মালিক ফেডারেশনের পক্ষ থেকে ট্রাক টার্মিনাল বাস্তবায়ন ও কর্পোরেশন নীতি নির্ধারণী কমিটিতে অন্তর্ভূক্তির জন্য স্মারকলিপি প্রদান করেন। স্মারকলিপিতে তারা বাংলাদেশ সরকারের বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক পণ্য পরিবহনের ক্ষেত্রে চট্টগ্রাম এর জন্য প্রদত্ত একমাত্র টিও লাইসেন্স প্রাপ্ত সংগঠন চট্টগ্রাম জেলা ট্রাক,কাভার্ডভ্যান এন্ড মিনিট্রাক মালিক গ্রুপ জানজট নিরসন ও পরিবহন ক্ষেত্রে শৃংখলা ফিরিয়ে আনতে সরকারী,আধা সরকারি ও স্বায়ত্বশাষিত সকল দপ্তরের সাথে সমন্বয় করে কাজ করে। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের গুরুত্বপূর্ণ কমিটিগুলোতে ফেডারেশনের প্রতিনিধিত্বের সুযোগ প্রদানের দাবী জানান। এ সময় উপস্থিত ছিলেন ফেডারেশনের সভাপতি আলহাজ্ব মো. আবদুল মান্নান, কার্যকরী সভাপতি আলহাজ্ব মনির আহমদ, কার্যনির্বাহী সভাপতি আবু বকর সিদ্দীক, মহা সচিব মো. নুরুল আবছার, অতিরিক্ত মহাসচিব মো. এমদাদুল হক, আলহাজ্ব আজিজুল হক,উপদেষ্টা আলহাজ্ব আবদুল নবী লেদু, সাংগঠনিক সম্পাদক সৈয়দ নুরুন্নবী লিটন, প্রচার সম্পাদক মো. নাছির উদ্দীন ও ফেডারেশনের ৪০টি সংগঠনের নেতৃবৃন্দ। মেয়র জরুরী ভিত্তিতে টার্মিনাল স্থাপনে ও কর্পোরেশনের সকল কমিটিতে ফেডারেশনের নেতৃবৃন্দের প্রতিনিধিত্ব রাখার আশ্বাস প্রদান করেন।

চসিক ভ্রাম্যমাণ আদালত পরিচালিত অব্যাহত

চট্টগ্রাম- ৭ অক্টোবর ২০১৮

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে নির্বাহী ম্যাজিস্ট্রেট আফিয়া আখতার ও স্পেশাল ম্যাজিস্ট্রেট (যুগ্ম জেলা জজ) জাহানারা ফেরদৌস এর নেতৃত্বে আজ রবিবার সকালে চট্টগ্রাম মহানগর এলাকায় মোবাইল কোর্ট পরিচালিত হয়। অভিযানকালে নগরীর চকবাজার থানাধীন গণি বেকারী এলাকায় সিটি কর্পোরেশনের নর্দমার উপ অবৈধভাবে দোকান নির্মাণ করে পানি চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টি করে জন দূর্ভোগ সৃষ্টি করায় ৫টি দোকন উচ্ছেদ করা হয় এবং ফুটপাতের উপর অবৈধভাবে দোকানের অংশ বর্ধিত করায় প্রায় ১০ দোকানের বর্ধিত অংশ অপসারন করে ফুটপাত উম্মুক্ত করা হয়।

অভিযানকালে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সংশিষ্ট বিভাগের কর্মকর্তা ও কর্মচারীগণ এবং সিএমপি পুলিশ ম্যাজিষ্ট্রেটদ্বয়কে সহায়তা করেন।

সংবাদদাতা
রফিকুল ইসলাম
জনসংযোগ কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন